

অজবেন পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠানের শিল্পীরা এখন অষ্ট্রেলিয়ায়



শিল্পীদের সাথে পার্থের সংগঠকরা (ছবি: নইমুল)

অজবেন পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবার জন্য আজ ১৩ জানুয়ারী ২০১২, এক দল শিল্পী বাংলাদেশ থেকে পার্থ এসে পৌঁছেছেন। দলে আছেন বাংলাদেশের টিভি ও ফিল্ম জগতের অন্যতম অভিনেতা মাহফুজ আহমেদ, চঞ্চল চৌধুরী, ফজলুর রহমান বাবু, রুমানা, স্বাগতা ও আমার আমি অনুষ্ঠান খ্যাত মুনমুন। শিল্পীদের এ দলটি ১৫ জানুয়ারী পার্থ ও ২২ জানুয়ারী মারানা অডিটোরিয়াম (হার্টসভিল, সিডনীতে) দু'টি লাইভ শোতে অংশ নেবেন। মনমাতানো এ বিচিত্রা অনুষ্ঠানে থাকছে শিল্পীদের না বলা কথা, কৌতুক, অভিনয়, নাচ, দর্শকদের অংশগ্রহণে থাকবে আকর্ষণীয় এক পর্ব, থাকবে ফজলুর রহমান বাবু ও চঞ্চল এর মনপুরা সিনেমার গানও। এ শিল্পী দলটি বাংলাদেশের একটি টিভি চ্যানেলের জন্য সিডনীতে ২৬ পর্বের একটি ধারাবাহিক নাটকে অভিনয় করবেন। দলটির সাথে ধারাবাহিকটি তৈরীর জন্য বাংলাদেশ হতে আরো এসেছেন অজবেন বাংলাদেশ প্রতিনিধি মিজানুর রহমান, প্রডিউসার আফতাব বিন তমিজ, পরিচালক আল-হাজেন, চিত্রগ্রাহক আলাউল বাকি ছাড়াও অভিনেতা দেলোয়ার ও শিশুশিল্পী মুন্না। তাছাড়া কিছু কিছু চরিত্রে স্থানীয় শিল্পীরাও অভিনয় করবেন। অজবেন কর্মকর্তা গোলাম মোস্তফা জানিয়েছেন ইতিমধ্যে লাইভ শো ও ধারাবাহিক নাটকের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।